পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
ISO 9001:2015 CERTIFIED

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।
ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮১৮৮
E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২২. ৪৫৫৭

তারিখঃ ১২ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ।
২৭ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ।

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যে সকল লাইনম্যান গ্রেড-১ পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত: ২০১২) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আবহান করা যাচ্ছে।

পদের নামঃ লাইন টেকনিশয়ান।

ক্রমিক নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা
০১	লাইন টেকনিশিয়ান	ক) লাইনম্যান গ্রেড-১ হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোট চাকুরীকাল ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে। খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং উত্তীর্ণ হতে হবে। ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষনণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। চ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। ছ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে। জ) পবিস নির্দেশিকা ৩০০-০৮,৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

০১। আবেদন করার নিয়মাবলীঃ

আবেদনকারীকে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে প্রথম নিয়মিতকরণের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আগামী ২৬/১০/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য পাবনা পবিস-২ এর সদর দপ্তর, কাশীনাথপুর, পাবনা এ স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে। উল্লেখ্য যে, যাবতীয় কাগজপত্রাদি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সাক্ষাতকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০২। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) বিগত ০৩ (তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(গ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার ফলাফলের সত্যায়িত ফটোকপি।
(ঙ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(চ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সকল সনদের সত্যায়িত ফটোকপি।
(ছ) জাতীয় পরিচয় পত্র/স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেম্বার/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(জ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা

০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থী বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে গুরুদন্ড এবং বিগত ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৫ (পাঁচ) বৎসরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৪ (চার) বৎসরের ভিতর একবার গুরুদন্ড, একবার লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৩(তিন) বৎসরের ভিতর একের অধিক বার লঘুদন্ডপ্রাপ্ত হননি, পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হননি এই মর্মে জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪। সংশোধিত নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৫। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/সেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নাই।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৮। কোন তথ্য গোপন করে পদোন্নতি গ্রহণ করলে এবং পরবর্তীতে তাহা প্রমানিত হলে সরাসরি তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১০। অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা বোর্ড পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১১। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২.১০.২০২২

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................................পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম, আতাইকুলা/কারিগরী/বেড়া/সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৫। এজিএম (ওএন্ডএম), সাঁথিয়া /বাঁধেরহাট/শ্রীপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/আইটি/এইচআর) ,পাবনা পবিস-২।
০৭। নোটিশবোর্ড/ওয়েব সাইট, পাবনা পবিস-২।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

১২.১০.২০২২

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)